

কাঁঠালের গামোসিস বা কাল্ড ফাঁটা রোগ

Phytophthora palmivora নামক ছত্রাকের আক্রমণে কাঁঠালের গামোসিস নামক রোগ হয়।

রোগের লক্ষণঃ

- ✓ এ রোগের আক্রমণে গাছের বাকলে ফাটল এবং আক্রান্ত স্থান থেকে অবিরত রস ঝরে।
- ✓ ক্ষতস্থানে কাঠ বেরিয়ে আসে, গর্ত হতে থাকে ও পঁচন ধরে।
- ✓ চারা গাছ সংবেদনশীল বিধায় ধীরে ধীরে মারা যায়।



আক্রান্ত স্থানে রস ঝরা লক্ষণ



আক্রান্ত স্থান ধারালো ছুরি দিয়ে চেঁছে ফেলা

দমন ব্যবস্থাপনাঃ

- ফল বাগান পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- মূল কাণ্ডে নীচ থেকে ৩ ফুট জায়গায় ছোট ছোট শাখা প্রশাখা ছেটে দিতে হবে।
- আক্রান্ত স্থান ধারালো ছুরি দিয়ে চেঁছে বোর্দোপেস্ট(প্রতি লিটার পানি+১০০ গ্রাম তুঁত+১০০ গ্রাম চুন) বা আলকাতরার প্রলেপ দিয়ে দিতে হবে। প্রথমবার দেয়ার পর পরবর্তী দু'মাসে আরো দু'বার লেপন করা প্রয়োজন। অথবা
- কপার অক্সিক্লোরাইড স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।